

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শাখা-১০  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mole.gov.bd](http://www.mole.gov.bd)

নং-৪০.০০.০০০০.০২০.১১.০১১.১৬-১৯২

তারিখঃ ২-৪-২০১৭ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ০৯-১১-২০১৬ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২০৮৫.১৬/২১২ নং পত্রের মাধ্যমে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীদেরকে বর্ণিত শর্তাধীনে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর নবম গ্রেডভুক্ত ২২০০০-৫৩০৬০/=টাকা বেতন স্কেলে বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ অস্থায়ীভিত্তিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের 'সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য)' ১ম শ্রেণি নন-ক্যাডার পদে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	নাম ও পদবী	জন্ম তারিখ	নিজ জেলা
১.	রাজন তালুকদার সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য)	২৯-০৩-১৯৮৯	খাগড়াছড়ি
২.	নাজমুন নাহার সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য)	০১-০১-১৯৮৮	ময়মনসিংহ

**চাকরির শর্তসমূহঃ**

- এই পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী দুই বৎসর তাঁদের চাকুরী শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। সরকার প্রয়োজন মনে করলে তাঁদের এই শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও দুই বৎসর বৃদ্ধি করতে পারবেন;
- যদি এই শিক্ষানবিশকালে তাঁদের আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হয়, সে ক্ষেত্রে কোন কারণ দর্শানো ছাড়াই তাঁদেরকে চাকুরী হতে অপসারণ করা হবে;
- এই পদের জন্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আয়োজিত যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদিতে উত্তীর্ণ হওয়ার পর যদি শিক্ষানবিশকাল সন্তোষজনক বলে প্রতীয়মান হয় সে ক্ষেত্রে তাঁদের চাকুরী স্থায়ী করা হবে;
- এই পদে নির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁদের চাকুরি নিয়ন্ত্রিত হবে মর্মে গণ্য করতে হবে;
- এ প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ০১(এক) মাসের মধ্যে প্রার্থী কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানে ইচ্ছুক নন মর্মে গণ্য করা হবে এবং তাঁদের নিয়োগাদেশ বাতিল হবে;
- নবনিয়োগ প্রাপ্ত “সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য)” নির্ধারিত সময়ের মধ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকায় তাঁদের যোগদানপত্র জমা দেবেন।
- মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশকৃত প্রার্থীর পিতার অনুকূলে প্রাপ্ত মুক্তিযোদ্ধা সনদপত্র পরবর্তী পর্যায়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই-বাছাই কার্যক্রমে ভুল প্রমাণিত হলে প্রার্থী চাকুরি হতে তাৎক্ষণিকভাবে অব্যাহতি প্রাপ্ত বলে গণ্য হবেন এবং গৃহীত সকল আর্থিক সুবিধা ফেরত প্রদান করতে বাধ্য থাকবেন। পাশাপাশি প্রার্থীর দাদার (মুক্তিযোদ্ধার পিতা) নামের পার্থক্য নিরসনের জন্য গেজেট সংশোধন পূর্বক ইহার কপি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

(দিল আফরোজা বেগম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭১৪০

[section10@mole.gov.bd](mailto:section10@mole.gov.bd)

নং-৪০.০০.০০০০.০২০.১১.০১১.১৬-১৯২(১)/১০

তারিখঃ ২-০৪-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ২৩-২৪ কাওরান বাজার, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। রাজন তালুকদার, পিতা-ধীরাজ কুসুম তালুকদার  
স্থায়ী ঠিকানাঃ গ্রাম-নারানখাইয়া, ডাকঘর+থানা-খাগড়াছড়ি, জেলা-খাগড়াছড়ি।  
বর্তমান ঠিকানাঃ গ্রাম-নারানখাইয়া, ডাকঘর+থানা-খাগড়াছড়ি, জেলা-খাগড়াছড়ি।
- ৮। নাজমুন নাহার, পিতা-মোঃ জাহা বকস  
স্থায়ী ঠিকানাঃ ১০৭ এ,বি, গুহ রোড, সদর ময়মনসিংহ-২২০০।  
বর্তমান ঠিকানাঃ ১০৭ এ,বি, গুহ রোড, সদর ময়মনসিংহ-২২০০।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। গার্ড ফাইল/অফিস কপি।

২/৪/২০১৭  
(দিল আফরোজা বেগম)  
সিনিয়র সহকারী সচিব